## উপজেলা প্রাথমিক শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব মোসাঃ শাম্মা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।
তারিখ ঃ ২১-০৭-২০২১ খ্রি. সময়ঃ দুপুর-১২.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এঁর অফিস কক্ষ, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।
সদস্য সচিবঃ জনাব শিপালী সরকার, উপজেলা শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন উপজেলা প্রাথমিক শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার সভাপৃতি ও উপজেলা পরিষদের সম্মানিত মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোসাঃ শাম্মা। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানান। সভার শুরুতেই সভাপতি মহোদয় স্বাগত বক্তব্য রাখেন এবং সভা পরিচালনার দায়িত্ব সদস্য সচিবের উপর অর্পন করেন।

সভায় নিম্নে বর্ণিত বিষয় সমূহের উপর আলোচনা হয় এবং সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| সকল শিক্ষকগণের অংশগ্রহনে মোহনগঞ্জ অনলাইন প্রাইমারী স্কুল পরিচালনা সংক্রান্ত | কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষার্থীরা ঘরে বসে সংসদ টেলিভিশন ও এফএম রেডিও এর পাশাপাশি মোহনগঞ্জ অনলাইন প্রাথমিক স্কুল পরিচালনার মাধ্যমে শ্রেণি পাঠদান কার্যক্রম সচল রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মোহনগঞ্জ উপজেলার সকল শিক্ষকদের অংশগ্রহনের মাধ্যমে শ্রেণি পাঠদান কার্যক্রম সচল রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম মনিটরিং সংক্রান্ত | কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম মনিটরিং করার ক্ষেত্রে শিক্ষকদের করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম মনিটরিং করার ক্ষেত্রে শিক্ষকবৃন্দ শিক্ষার্থী ও অভিভাবকদের মোবাইল ফোনে খোঁজ-খবর নেয়ার মাধ্যমে মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষকবৃন্দ (সকল প্রতিষ্ঠান) |
| সরকারি বরাদ্দপ্রাপ্ত অর্থে বিভিন্ন ধরণের মেরামত কাজ সম্পন্ন করণ সংক্রান্ত | কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় সরকারি বরাদ্দপ্রাপ্ত অর্থে অসম্পন্ন মেরামত কাজ দ্রুত সম্পন্ন করার জন্য বিস্তারিত আলোচনা হয়। | মেরামতের কাজ ৩১ আগস্ট এর মধ্যে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষকবৃন্দ (সকল প্রতিষ্ঠান) |
| শিক্ষার্থীদের মাস্ক ব্যবহার ও বারবার হাত ধৌত করণ সংক্রান্ত | কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় সকল প্রতিষ্ঠানের শিক্ষকদের নিজ নিজ প্রতিষ্ঠানের সঠিকভাবে মাস্ক ব্যবহার ও বারবার হাত ধৌতকরণ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয়। | সকল প্রতিষ্ঠানের শিক্ষকদের নিজ নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা যেন সঠিকভাবে মাস্ক ব্যবহার করে এবং বারবার সাবান দিয়ে হাত ধৌত করে সে বিষয়ে মোবাইল ফোনের মাধ্যমে শিক্ষার্থী ও অভিভাবকদের সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষকবৃন্দ (সকল প্রতিষ্ঠান) |
| বিবিধ | বিবিধ কোন বিষয় না থাকায় কোন আলোচনা হয়নি। | - | - |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাঃ/- ০৭/০৯/২০২১

(মোসাঃ শাম্মা)
সভাপতি
উপজেলা প্রাথমিক শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
মোহনগঞ্জ, নেত্রকোণা।
ও
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।

CS CamScanner

স্মারকনং-

তারিখ : ২১-০৭-২০২১ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।
২। উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা ।
৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।
৪। চেয়ারম্যান ..................................... মোহনগঞ্জ, নেত্রকোণা।
৫। অফিস কপি।

২১/৭/২০২১

(দিপালী সরকার)
উপজেলা শিক্ষা অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা।

CS CamScanner

# উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোসাঃ শান্তা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।

সভার স্থানঃ উপজেলা শিক্ষা অফিসারের অফিস কক্ষ। তারিখঃ ২৫.১০.২০২১ খ্রিঃ। সময়ঃ দুপুর ১২:০০ ঘটিকা।

সদস্য সচিবঃ জনাব দিপালী সরকার, উপজেলা শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা।

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন উপজেলা প্রাথমিক শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও উপজেলা পরিষদের সম্মানিত মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোসাঃ শান্তা। সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

**আলোচ্য বিষয়ঃ**

১। জিওবি ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (জাইকা)এর অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণ।

২। বিবিধ

**আলোচনা ঃ**

সভায় সদস্য সচিব জনাব দিপালী সরকার জানান যে, জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রকল্প কার্যালয়ের ০ খ্রিঃ তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০০.০৩৫.২০১৮-১৬৩৮ নং স্মারকে উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর একটি চিঠি ইস্যু করা হয়। যার পরিপ্রেক্ষিতে সদস্য সচিব উপজেলা শিক্ষা অফিসার তার বিভাগের প্রয়োজনীয়তা ও গুরুত্ব বিবেচনা করে ২০২০-২১ অর্থবছরের জন্য **"সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক ও এসএমসির সভাপতিগণের বিদ্যালয় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ"** প্রকল্প বাছাই কমিটিতে প্রেরন করার প্রস্তাব পেশ করেন।

**সিদ্ধান্তঃ**

বিস্তারিত আলোচনান্তে উপ-প্রকল্পটি জরুরী ও জনগুরুত্ব বিবেচনাক্রমে সর্বসম্মতিভাবে প্রকল্প বাছাই কমিটিতে নির্বাচনের জন্য উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় বিবিধ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মোসাঃ শান্তা)
সভাপতি, উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা বিষয়ক কমিটি
ও
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরীত হলোঃ-**

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা।
৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা।
৪। চেয়ারম্যান, ........................................................, মোহনগঞ্জ, নেত্রকোণা।
৫। অফিস কপি।

২৫/১০/২১

(দিপালী সরকার)
উপজেলা শিক্ষা অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা।

CS CamScanner

### পরিশিষ্ট 'ক'

উপজেলা প্রাথমিক শিক্ষাবিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা সীট (সংযুক্ত)ঃ

| ক্রমিক নম্বর | কর্মকর্তাগণের নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোসাঃ শাম্ভা | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা | সভাপতি | |
| ০২ | জনাব মোতাহার হোসেন চৌধুরী | চেয়ারম্যান, ১ নং বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়ন পরিষদ | সদস্য | |
| ০৩ | জনাব কামরুল হাসান | চেয়ারম্যান, ৬ নং সুয়াইর ইউনিয়ন পরিষদ | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ হাবিবুর রহমান | চেয়ারম্যান, ৭ নং গাগলাজুর ইউনিয়ন পরিষদ | সদস্য | |
| ০৫ | জনাব দিপালী সরকার | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য সচিব | |

CamScanner